গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা
ওয়েবসাইটঃ www.nlaso.gov.bd

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- জা:আ:স:প্র:স: ১০/২০১৪-২৬৭৪

তারিখ ০২ আগষ্ট ২০১৭ খ্রিস্টাব্দ / ১৮ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার প্রধান কার্যালয় ও সংস্থার অধীন জেলা লিগ্যাল এইড অফিসের জন্য নিম্নলিখিত শূন্য পদে নিয়োগের জন্য নির্ধারিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ-

ক্রমিক	পদের নাম	পদের সংখ্যা	কর্মস্থল	জাতীয় বেতন স্কেল ২০১৫	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১.	হিসাবরক্ষক	০১ (এক) টি	প্রধান কার্যালয়, ঢাকা।	১০২০০-২৪৬৮০ (গ্রেড-১৪)	যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে স্নাতক বা সমমানের ডিগ্রী।	কম্পিউটার পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে।
২.	ক্যাটালগার	০১ (এক) টি	প্রধান কার্যালয়, ঢাকা।	১০২০০-২৪৬৮০ (গ্রেড-১৪)	যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা প্রাপ্ত হইতে হবে।	কম্পিউটারে পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে।
৩.	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	০২ (দুই)টি	জেলা লিগ্যাল এইড অফিস (জজ কোর্ট) ঢাকা, চুয়াডাঙ্গা	৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	যে কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক পাশ।	কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত, ওয়ার্ড প্রসেসিংসহ টাইপিংএ প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজীতে ২০ শব্দের গতি থাকতে হবে।
৪.	ড্রাইভার	০১ (এক)টি	প্রধান কার্যালয়, ঢাকা।	৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	যে কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হবে।	Motor Vehicle Ordinance, ১৯৮৩ (Ord.No.LV of 1983) এর অধীনে প্রদত্ত বৈধ লাইসেন্সসহ হালকা ও ভারী যানবাহন চালনার বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকবে হবে।

শর্তাবলী

১. নির্ধারিত ফরমে আবেদনপত্র, প্রবেশপত্র ০২ (দুই) কপি এবং মুক্তিযোদ্ধা কোটার আবেদনকারী প্রার্থীদের নির্ধারিত ফরমে অতিরিক্ত তথ্যাদি স্বহস্তে পূরণ করে আগামী ৩১/০৮/২০১৭ খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, নিউ বেইলী রোড (৮ম তলা), ঢাকা-১০০০ বরাবরে ডাকযোগের মাধ্যমে পৌছাতে হবে। www.nlaso.gov.bd হতে আবেদনপত্র ও প্রবেশপত্রের নির্ধারিত ফরম ডাউনলোড করে ব্যবহার করতে হবে।

২. প্রার্থীর বয়সসীমা দরখাস্ত দাখিলের জন্য নির্ধারিত সর্বশেষ তারিখে ১৮ (আঠারো) হতে ৩০ (ত্রিশ) বৎসরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। চাকুরীরত প্রার্থীগণকে নির্ধারিত তারিখের মধ্যে স্বীয় কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩. **আবেদনপত্রের সাথে ছবি, প্রবেশপত্র, ট্রেজারী চালান ও নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ-**

ক) সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র।

খ) ইউনিয়ন পরিষদ/ পৌরসভা/ সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ পত্র এবং প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্র।

গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি রঙ্গিন ছবি।

ঘ) প্রার্থীকে আবেদনপত্রের সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২৬/০২/২০০২ খ্রিঃ তারিখের মুঃবিঃমঃ/সনদ-১/প্রঃ/২০০২/২ প্রজ্ঞাপন মোতাবেক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত সনদপত্রের সত্যায়িত কপি অথবা ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। এরূপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদপত্র হিসেবে গ্রহণযোগ্য হবে না। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান পাওয়া না গেলে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৯/০৫/১১ খ্রিঃ তারিখে জারীকৃত পরিপত্র অনুযায়ী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাকে মুক্তিযোদ্ধা কোটায় অন্তর্ভুক্ত করা হবে।

ঙ) কাগজপত্র সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নাম ও পদবীযুক্ত সীল থাকতে হবে। নামবিহীন পদবীযুক্ত স্বাক্ষর ব্যবহার করা হলে সংশ্লিষ্ট আবেদন বাতিল বলে গণ্য হবে।

চ) প্রতিটি পদের জন্য পরীক্ষা ফি বাবদ ১০০/- (একশত) টাকা কোড নং ১-২১০১-০০০১-২০৩১ এ ট্রেজারী চালানের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমা করে চালানের মূলকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। এক্ষেত্রে ট্রেজারী চালান ব্যতিত অন্য কিছু (ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/পোস্টাল অর্ডার) গ্রহণযোগ্য হবে না।

ছ) প্রতিটি আবেদনের সাথে ৬/- টাকার ডাকটিকিটসহ ৯১/২´´x ৪১/২´´ পরিমাপের দুটি ফেরতখামে আবেদনকারী যে ঠিকানায় পরীক্ষার প্রবেশপত্র পেতে আগ্রহী উক্ত ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখে সংযুক্ত করতে হবে। খামের উপর আবেদনকৃত পদের নাম ও নিজ জেলা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৪. প্রার্থীদের লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি ও আবেদনপত্রে উল্লেখিত কাগজপত্রের মূল কপি দাখিল করতে হবে।

৫. নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত দরখাস্ত গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ ও ত্রূটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না।

৬. অত্র নিয়োগ বিজ্ঞপ্তি কোন চাকুরীর নিশ্চয়তা প্রদান করে না। নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজন সাপেক্ষে যে কোন পদের পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধি, বিলুপ্ত করা এবং আবেদনকারী প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা ও উৎকর্ষতার ভিত্তিতে সীমিত সংখ্যক প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ প্রদানের সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

সভাপতি
(নিয়োগ ও বাছাই কমিটি)
উপ-পরিচালক (প্রশাসন)
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।